# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

www.dinajpureducationboard.gov.bd email: dinajpureducationboard@gmail.com

স্মারক নং- মাউশিবোদি/বিনি/৮ম/বিজ্ঞপ্তি-২০২৫/২১৯ (৪১০০) তারিখঃ ২৪/০৯/২০২৫ খ্রিঃ

**বিষয়ঃ ২০২৫ সালে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের অনলাইন (eSIF পূরণের মাধ্যমে) রেজিস্ট্রেশন করা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/প্রধান শিক্ষকগণকে নিম্ন বর্ণিত নিদের্শনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিদের্শক্রমে অনুরোধ করা হলো।

১। ১ জানুয়ারী ২০২৫ ইং (৮ম শ্রেণীতে ভর্তির বছরে) শিক্ষার্থীর নূন্যতম বয়স ১১+ বছর এবং সর্বোচ্চ ১৭ বছর (৩১ ডিসেম্বর ২০২৫ ইং), তবে বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে এ বয়সসীমা সর্বোচ্চ ২২ বছর।

২। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর কর্তৃক পাঠদানের অনুমতি প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীরা কেবলমাত্র নিজ শিক্ষা প্রতিষ্ঠানের নামে রেজিস্ট্রেশনের সুযোগ পাবেন।

৩। বোর্ড কর্তৃক পাঠদানের অনুমতিবিহীন প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের নিকটতম অনুমোদিত নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/স্কুল এন্ড কলেজের মাধ্যমে রেজিস্ট্রশন করা যাবে। **কোন অবস্থাতেই পাঠদানের অনুমতিবিহীন শিক্ষা প্রতিষ্ঠানগুলো নিজ বিদ্যালয়ের মাধ্যমে রেজিস্ট্রেশন করার সুযোগ পাবেন না।**

৪। নিবন্ধনের জন্য প্রয়োজনীয় নির্ধারিত ফি "সোনালী ই-সেবার" মাধ্যমে পরিশোধ করতে হবে।

৫। **"সোনালী ই-সেবা" ক্রয়ের নিয়মাবলী ঃ-**

ক) www.dinajpurboard.gov.bd ভিজিট করে sonali e-sheba option-এ গিয়ে (প্রয়োজনীয় নির্দেশন মোতাবেক ফি payment করতে হবে।) Examination-class Eight type of payment-এ Class Eight e-sif-2025 select করে student সংখ্যা দিয়ে payment করতে হবে। payment সম্পন্ন হলে রশিদ সংগ্রহ করতে হবে । **sonali-e- sheba ব্যতিত অন্য কোন মাধ্যমে ফি পরিশোধ করলে class Eight-2025-এর নিবন্ধন করা যাবে না এবং পরিশোধিত ফি গ্রহণ যোগ্য হবে না ।**

খ) www.dinajpurboard.gov.bd অথবা www.dinajpureducationboard.gov.bd থেকে Class Eight e-sif 2025 button এ ক্লিক করে Eiin No ও password দিয়ে Login করে Student button এ ক্লিক করতে হবে। অতঃপর Add New Button এ ক্লিক করে Student এর সকল তথ্য প্রদান করে Save করতে হবে। এভাবে প্রতিষ্ঠানের সকল ছাত্র/ছাত্রীর তথ্য প্রদান শেষে হার্ডকপি সংরক্ষণ করতে হবে।

**পেমেন্ট ক্লিয়ার করার সাথে সাথে নির্ধারণকৃত শিক্ষার্থীদের eSIF পূরণ করা যাবে। পেমেন্ট ক্লিয়ারের পরে নির্ধারিত তারিখের মধ্যে পুনরায় সোনালী ই-সেবার মাধ্যমে পেমেন্ট করে বাদ পড়া শিক্ষার্থীদের রেজিষ্ট্রেশন করা যাবে।**

৬। "সোনালী ই-সেবা" রশিদ এর উল্টো পৃষ্ঠায় জমাদানকারী শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের /বিশেষ ক্ষেত্রে জমাদানকারীর নামসহ সীল স্বাক্ষর থাকতে হবে। টাকা-পয়সার হিসাবে কোনরুপ ভুল/গরমিল থাকলে প্রতিষ্ঠান প্রধান এককভাবে দায়ী থাকবেন।

৮। শিক্ষা মন্ত্রণালয়ের ১৭/১২/২০২০ খ্রিঃ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০২২.১৭.৪৩৬ মোতাবেক ৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি পর্যন্ত (২০+২০+২০) = ৬০ টাকা যুব রেড ক্রিসেন্ট ফি নির্ধারণ করা হয়েছে। উক্ত ৬০ টাকা হতে ৬০ শতাংশ অর্থাৎ ৩৬ (ছত্রিশ) টাকা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা রেডক্রিসেন্ট হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০ শতাংশ অর্থাৎ ১৬ (ষোল) টাকা শিক্ষা বোর্ডে প্রেরণ করতে হবে।

৯। শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য তথ্য আপলোড করার লক্ষ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের **শিক্ষকদের সমন্বয়ে ০৩(তিন) সদস্য বিশিষ্ট একটি রেজিস্ট্রেশন কমিটি গঠন করতে হবে।** অনলাইনে রেজিস্ট্রেশন সম্পন্ন হওয়ার পর চুড়ান্ত তালিকা ফাইনাল সাবমিটের পূর্বে দায়িত্বপ্রাপ্ত কমিটির সদস্যদের দ্বারা বিদ্যালয়ে রক্ষিত ভর্তি রেজিষ্টার/ফরম ও জন্ম সনদের সাথে মিলিয়ে যথাযথভাবে নিশ্চিত করবেন। নিশ্চিত হওয়ার পর ফাইনাল সাবমিট করবেন। রেজিস্ট্রেশন কার্যক্রমে কোন অবস্থায় শিক্ষার্থীদের নিযুক্ত করা যাবে না।

১০। শিক্ষা বোর্ডে জমাকৃত সম্ভাব্য শিক্ষার্থীদের তালিকার বাইরে অন্য কোন শিক্ষার্থীর অন-লাইন নিবন্ধন করা যাবে না। এ আদেশ অমান্য করা হলে প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে পাবলিক পরীক্ষার অধ্যাদেশ আইন ১৯৮০ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। কোন শিক্ষার্থীর অন-লাইন নিবন্ধন হওয়ার পর বিদ্যালয় কর্তৃপক্ষ অষ্টম শ্রেণিতে ছাড়পত্র দিতে পারবেন না। ছাড়পত্র দিতে হলে শিক্ষা বোর্ডের নির্ধারিত ছাড়পত্রের ফরম (এক কপি) পূরণ পূর্বক প্রামাণ্য কাগজপত্র (৬ষ্ঠ শ্রেণীর রেজিষ্ট্রেশন কার্ডের ফটোকপি/e-sif এর হার্ড কপি ও দিনাজপুর শিক্ষা বোর্ডের সচিব অনুকূলে ১০০০/- (এক হাজার) টাকার "সোনালী ই-সেবা" এর স্লিপ) সংশ্লিষ্ট শাখায় জমা দিয়ে শিক্ষা বোর্ড কর্তৃক ছাড়পত্রের অনুমতি নিয়ে ভর্তি নিতে পারবে।

১২। সম্ভাব্য শিক্ষার্থীর তালিকা অনুযায়ী e-sif পদ্ধতিতে শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন করতে হবে। নিম্নে প্রেরিত "ছক" অনুযায়ী নির্ভুল ভাবে তথ্য প্রেরণের বিষয়টি প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান নিশ্চিত করবেন।

**শিক্ষার্থীর তথ্যে ভূল-ক্রটির জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও কমিটি'র সদস্যগণ যৌথভাবে দায়ী থাকবেন।**

**"সম্ভাব্য শিক্ষার্থীর তালিকা ছক"**

EIIN.......................... বিদ্যালয়ের কোড নং-(প্রযোজ্য ক্ষেত্রে)..........................................................................

বিদ্যালয়ের নাম ঃ..............................................................................উপজেলাঃ ........................ জেলাঃ ...................

নিজ প্রতিষ্ঠান হতে ৭ম শ্রেণিতে উত্তীর্ণ শিক্ষার্থীর সংখ্যা ঃ....................................................................................জন।

অন্য প্রতিষ্ঠান হতে আগত ৭ম শ্রেণিতে উত্তীর্ণ শিক্ষার্থীর সংখ্যা (যদি থাকে) ...................................................জন।

(অন্য প্রতিষ্ঠান হতে আগত শিক্ষার্থীর ক্ষেত্রে ৭ম শ্রেণি উত্তীর্ণের প্রশংসা পত্র সংরক্ষণ করতে হবে )

ছাত্র সংখ্যা ঃ ...............................জন, ছাত্রী সংখ্যা ঃ .............................জন, মোট ছাত্র-ছাত্রী সংখ্যা ঃ.......................... জন

**(সকল তথ্য ইংরেজিতে পূরণ করতে হবে)**

| ক্রঃ নং | শিক্ষার্থীর নাম, পিতার নাম ও মাতার নাম (জন্ম নিবন্ধন, ভর্তি রেজিষ্টার/ফরম ও Nid কার্ড অনুযায়ী) | জন্ম তারিখ | শ্রেণি রোল ও শাখা | পঠিত বিষয়ের কোড | ধর্ম বিষয়ের কোড | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|

**১৩। সোনালী ই-সেবার মাধ্যমে ফি জমাদান ও e-sif পুরনের তারিখ ঃ-**

**২৫/০৯/২০২৫ খ্রিঃ হতে ১৯/১০/২০২৫ খ্রিঃ পর্যন্ত।**

**১৪। রেজিস্ট্রেশন ফি-এর হার নিম্নরুপ ঃ**

| ক্রঃ নং | বিষয় | ফি এর হার | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | রেজিস্ট্রেশন ফি | ৫০/- (পঞ্চাশ) টাকা (শিক্ষার্থী প্রতি) | |
| ০২ | ক্রীড়া ফি (শিক্ষার্থী প্রতি) | ৩০/- (ত্রিশ) টাকা (শিক্ষার্থী প্রতি) | |
| ০৩ | স্কাউটস | ২৫/- (পঁচিশ) টাকা (শিক্ষার্থী প্রতি) | |
| ০৪ | গার্ল গাইডস ফি | ১৫/- টাকা (শিক্ষার্থী প্রতি) | |
| ০৫ | যুব রেড ক্রিসেন্ট ফি | ১৬/- (ষোল) টাকা (শিক্ষার্থী প্রতি) | |
| ০৬ | বেসরকারি শিক্ষক/কর্মচারী কল্যাণ তহবিল | ১০০/- (একশত) টাকা (শিক্ষার্থী প্রতি) | |
| ০৭ | অন্ধ কল্যাণ ফি | ৫/- (পাঁচ) টাকা(শিক্ষার্থী প্রতি) | |
| ০৮ | জাতীয় স্কুল ক্রীড়া এ্যাফিলিয়েশন ফি | ৫০০/- (পাঁচশত) টাকা বিদ্যালয় প্রতি | |

১৫। শিক্ষার্থীদের অন-লাইনে রেজিস্ট্রেশন সম্পন্নের পর তাদের তথ্যের পাশে নিজ নিজ স্বাক্ষর করা চুড়ান্ত তালিকার প্রিন্ট আউট (হার্ড কপি) শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।

১৬। নতুন পাঠদানের অনুমতিপ্রাপ্ত নিম্ন মাধ্যমিক বিদ্যালয় (সে সকল প্রতিষ্ঠান ইতোপূর্বে নিজ প্রতিষ্ঠানের নামে eSIF করেনি) ব্যানবেইস হতে EIIN সনদ সংগ্রহ করার পর সোনালী ব্যাংকে সোনালী ই-সেবার মাধ্যমে ২০০০/- (দুই হাজার) টাকা জমা দিয়ে বিদ্যালয় নিবন্ধন শাখার মাধ্যমে Login Passwoard সংগ্রহ করতে হবে।

১৭। (ক) শিক্ষার্থীর পিতা ও মাতা এসএসসি সনদধারী হলে তাদের মূলসনদ অনুযায়ী পিতা ও মাতার নাম এন্ট্রি করতে হবে।

(খ) শিক্ষার্থীর পিতা ও মাতা এসএসসি সনদধারী না হলে জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্র অনুযায়ী পিতা ও মাতার নাম এন্ট্রি করতে হবে।

(গ) শিক্ষার্থীর নামের পূর্বে জনাব/জনাবা/Mr/ Mrs/Miss/Mrs/Advocate/Hazi/Al-Haj/Engr/Late/ Major/ Colonel/Brigadier/Dr/Prof. ইত্যাদি ধরনের পদবি এবং নামের শেষে MA/MCom /MSc/BA/ BCom/BSc/ BSS/FRCS/PHD/FCPS/Master ইত্যাদি ধরনের শিক্ষাগত যোগ্যতাসূচক শব্দ ব্যবহার করা যাবে না।

(ঘ) সকল শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি হাল নাগাদ থাকতে হবে।

১৮। বিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষার্থীর সকল তথ্য নিশ্চিত হয়ে ডাটা এন্ট্রি করবে। উল্লিখিত তারিখের মধ্যে শিক্ষার্থীর রেজিস্ট্রেশন করতে ব্যর্থ হলে বা এ কারণে শিক্ষার্থীর কোন সমস্যা হলে এর দায়-দায়িত্ব প্রতিষ্ঠান প্রধানকে বহন করতে হবে।

১৯। স্বীকৃতি বিহীন/হালনাগাদ স্বীকৃতি নবায়ন নেই এ ধরনের কোন শিক্ষা প্রতিষ্ঠান অনলাইনে রেজিস্ট্রেশন করলে পরবর্তীতে রেজিস্ট্রেশন সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

২০। বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের ক্ষেত্রে **"বিশেষ চাহিদাসম্পন্ন কি না"** তা উল্লেখ করতে হবে এবং প্রমান স্বরুপ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ সংযুক্ত করতে হবে।

২১। প্রত্যেক শিক্ষার্থীর জন্ম নিবন্ধন নম্বর নিশ্চিত হয়ে ডাটা এন্ট্রি করতে হবে।

২২। যে সকল স্কুল এবং স্কুল ও কলেজ- এর নিম্ন মাধ্যমিক পর্যায়ে হালনাগাদ একাডেমিক স্বীকৃতি/স্বীকৃতি নবায়নের মেয়াদ নেই সে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অতিসত্ত্বর একাডেমিক স্বীকৃতি/স্বীকৃতি নবায়নের মেয়াদ বৃদ্ধির আবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

# হিসাব বিবরণী (প্রধান শিক্ষক কর্তৃক পূরণকৃত)

**বিষয় ঃ ২০২৫ শিক্ষাবর্ষের ৮ম শ্রেণির শিক্ষার্থীদের নিবন্ধন সংক্রান্ত ফিসের হিসাব বিবরণী।**

বিদ্যালয়ের নাম ঃ............................................................................................................ ।

EIIN.......................................বিদ্যালয়ের কোড নং.................................................. ।

উপজেলা ঃ .......................................... জেলা ঃ .......................................................... ।

পাঠদান/স্বীকৃতি নবায়নের মেয়াদ............................................ হতে ................................ পর্যন্ত ।

অনুমোদিত শ্রেণি শাখা (ক,খ,গ) সমূহ লিখুন................................................................ ।

| ক্রঃ নং | শ্রেণি | ছাত্র সংখ্যা (জন) | ছাত্রী সংখ্যা (জন) | সর্বমোট শিক্ষার্থী সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ৮ম | | | | |

স্কাউট/গার্ল গাইডস ফি (৭ম, ৮ম শ্রেণি) বাবদ জেলা শিক্ষা অফিসার বরাবর ব্যাংক ড্রাফট জমাদানের রশিদ নং.............................................................. , জমাদানের তারিখ ঃ ........................................ ।

**নিবন্ধন ফি বাবদ সোনালী ই-সেবার মাধ্যমে বোর্ডে জমাকৃত সর্বমোট টাকা ঃ** অংকে ঃ.......................টাকা মাত্র।

কথায় ঃ (.........................................................................................................) টাকা মাত্র ।

সোনালী ই-সেবার প্রাপ্ত রশিদের ক্রমিক নং..................................................., তারিখ ঃ.................... ।

শাখার নাম ঃ ........................................উপজেলাঃ...........................জেলা ঃ ............................ ।

| শিক্ষার্থী সংখ্যা | | | নিবন্ধন ফি (শিক্ষার্থী প্রতি) ৫০/- | ক্রীড়া ফি (শিক্ষার্থী প্রতি) ৩০/- | স্কাউট ফি (শিক্ষার্থী প্রতি ) ২৫/- | গার্ল গাইডস ফি (শিক্ষার্থী প্রতি) ১৫/- | যুব রেড ক্রিসেন্ট ফি (শিক্ষার্থী প্রতি) ১৬/- | অন্ধ কল্যাণ ফি (শিক্ষার্থী প্রতি) ০৫/- | বেসরকারি শিক্ষক/কর্মচারী কল্যাণ তহবিল ফি (শিক্ষার্থী প্রতি) ১০০/- | মোট নিবন্ধন ফি (শিক্ষার্থী প্রতি) ২৪১/- | জাতীয় স্কুল ক্রীড়া এ্যাফিলিয়েশন ফি ৫০০/- (বিদ্যালয় প্রতি) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | | | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ছাত্র | ছাত্রী | মোট | | | | | | | | | |
| | | | | | | | | | | | |

**নিবন্ধন শাখায় প্রয়োজনীয় কাগজপত্র জমা দেয়ার সময়-সূচী ঃ**

| ক্রঃ নং | উপজেলার নাম | বিদ্যালয় সমূহের "সোনালী ই-সেবা" এর রশিদসহ e-sif (হার্ডকপি) এবং সম্ভাব্য শিক্ষার্থীদের তালিকা শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ । |
|---|---|---|
| ০১ | রংপুর সদর, সাদুল্ল্যাপুর, নীলফামারী সদর, হরিপুর, দিনাজপুর সদর, রৌমারী ও রাজিবপুর উপজেলা | ০২/১১/২০২৫ খ্রিঃ |
| ০২ | বদরগঞ্জ, গাইবান্ধা সদর , সৈয়দপুর, ঠাকুরগাও সদর, হাকিমপুর, বিরামপুর, কুড়িগ্রাম সদর উপজেলা | ০৩/১১/২০২৫ খ্রিঃ |
| ০৩ | মিঠাপুকুর, পলাশবাড়ি, ডোমার, রাণীসনকৈল, ঘোড়াঘাট ,ফুলবাড়ি (দিন), ও রাজারহাট উপজেলা | ০৪/১১/২০২৫ খ্রিঃ |
| ০৪ | তারাগঞ্জ, সাঘাটা, ডিমলা, পীরগঞ্জ (ঠাক) ,বালিয়াডাঙ্গী, নবাবগঞ্জ ও ফুলবাড়ি(কুড়ি) উপজেলা | ০৫/১১/২০২৫ খ্রিঃ |

| ক্রঃ নং | উপজেলার নাম | বিদ্যালয় সমুহের "সোনালী ই-সেবা" এর রশিদসহ e-sif (হার্ডকপি) এবং সম্ভাব্য শিক্ষার্থীদের তালিকা শিক্ষা বোর্ডে জমা দেয়ার তারিখ । |
|---|---|---|
| ০৫ | কাউনিয়া, সুন্দরগঞ্জ, কিশোরগঞ্জ, আদিতমারি, কালিগঞ্জ, বোচাগঞ্জ ও নাগেশ্বরী উপজেলা | ০৬/১১/২০২৫ খ্রিঃ |
| ০৬ | পীরগঞ্জ(রং), ফুলছড়ি, জলঢাকা, বোদা, লালমনিরহাট সদর, চিরিরবন্দর, পার্বতীপুর ও ভুরুঙ্গামারি উপজেলা | ০৯/১১/২০২৫ খ্রিঃ |
| ০৭ | গংগাচড়া, গোবিন্দগঞ্জ আটোয়ারী, পঞ্চগড় সদর, পাটগ্রাম, কাহারোল, খানসামা ও চিলমারি উপজেলা | ১০/১১/২০২৫ খ্রিঃ |
| ০৮ | পীরগাছা, দেবীগঞ্জ, তেঁতুলিয়া, হাতিবান্ধা, বিরল, বীরগঞ্জ ও উলিপুর উপজেলা। | ১১/১১/২০২৫ খ্রিঃ |

**অন-লাইন (e-sif) নিবন্ধন সংক্রান্ত সমস্যা নিরসনের জন্য প্রয়োজনে যোগাযোগ করুনঃ ০১৭১০ ৮২৫০৮২ অথবা**

**ই-মেইল করুনঃ-dboardhelp@gmail.com**

জেলা ভিত্তিক দায়িত্ব প্রাপ্ত কর্মচারীর তালিকা নিম্নরুপঃ

| ক্রঃ নং | জেলার নাম | দায়িত্ব প্রাপ্ত কর্মচারীর নাম ও পদবী | মোবাইল নং |
|---|---|---|---|
| ০১ | গাইবান্ধা | মোঃ মেসবাহুল ইসলাম, সেকশন অফিসার | ০১৯১৩-১৪৯১৯৫ |
| ০২ | রংপুর | মোঃ নুরুজ্জামান, সেকশন অফিসার | ০১৭১৮-৯৩৭১২১ |
| ০৩ | পঞ্চগড় | মোঃ আবু সায়েম, উচ্চমান সহকারি | ০১৭১৭-১৩৬৬৪৩ |
| ০৪ | লালমনিরহাট | রাশেদা খাতুন, ষ্ট্যানো টাইপিষ্ট | ০১৭৩৪-৯৩৫৭৭৮ |
| ০৫ | নীলফামারী ও দিনাজপুর (সদর, পার্বতীপুর, চিরিরবন্দর, নবাবগঞ্জ, ঘোড়াঘাট, ফুলবাড়ী) | মোঃ শহিদুল ইসলাম, নাম্বারিং মেশিন অপারেটর | ০১৭১২-২৫৬৪৬৬ |
| ০৬ | ঠাকুরগাঁও ও দিনাজপুর (বীরগঞ্জ, বিরামপুর, হাকিমপুর) | আবু জাহিদ মোহাম্মদ সায়েম, ক্যাশ সরকার | ০১৬৪৪-৫০৬৫০৪ |
| ০৭ | কুড়িগ্রাম ও দিনাজপুর (বিরল, বোচাগঞ্জ, খানসামা, কাহারোল) | মোঃ মাহামুদুন্নবীদ, কার্পেন্টার | ০১৭১৮-৮৯৯১০০ |

২২। <u>রেজিস্ট্রশন শাখায় জমার প্রয়োজনীয় কাগজ-পত্র ঃ</u>

১. প্রতিষ্ঠান প্রধানের আবেদন ২."সোনালী ই-সেবা" ক্রয়ের রশিদ ৩. হিসাব বিবরণী

৪. e-sif-এর হার্ড কপি (রঙ্গীন) ৫. সম্ভাব্য শিক্ষার্থীর তালিকা ৬. জেলা শিক্ষা অফিসার বরাবর স্কাউটস ও গার্ল গাইডস ফি বাবদ ব্যাংক ড্রাফট জমাদান রশিদের মূল কপি। [ সকল কাগজপত্র ০২ (দুই) সেট ]

প্রাপক,

অধ্যক্ষ/প্রধান শিক্ষক

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(জনাব মোঃ আমিনুল হক)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।

স্মারক নং- মাউশিবোদি/বিনি/জেএসসি/বিজ্ঞপ্তি-২০২৪/২১৯ (৪১০০) তারিখঃ ২৪/০৯/২০২৪ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

১. সচিব, অত্র শিক্ষা বোর্ড।
২. পরীক্ষা নিয়ন্ত্রক/কলেজ পরিদর্শক অত্র শিক্ষা বোর্ড।
৩. জেলা প্রশাসক, অত্র শিক্ষা বোর্ডর আওতাধীন সকল জেলা।
৪. সিনিয়র সিস্টেম এনালিস্ট, রাজশাহী শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র, রাজশাহী।
৫. জেলা শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডর আওতাধীন সকল জেলা।
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, অত্র শিক্ষা বোর্ডর আওতাধীন সকল উপজেলা।
৭. **কেন্দ্র সচিব, অত্র শিক্ষা বোর্ডর কদআওতাধীন সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র (তাঁকে তাঁর কেন্দ্রের আওতাধীন বিদ্যালয়সমূহকে উল্লিখিত বিষয়ে অবহিত করার জন্য অনুরোধ করা হলো )।**
৮. হিসাব রক্ষণ অফিসার, অত্র শিক্ষা বোর্ড।
৯. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
১০. **প্রজেক্ট ম্যানেজার, সুপার সফ্‌ট করপোরেশন, দিনাজপুর (অন-লাইন নিবন্ধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ করা হলো )।**
১১. ওয়েব কপি ।
১২. অফিস কপি ।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৪/০৯/২৪

(জনাব মোঃ আমিনুল হক)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।